

স্মারক নং: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

### পরিপত্র

উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, একটি অসাধু মহল বিভিন্ন বিষয়ে গুজব ছড়িয়ে সমাজে অস্থিরতা সৃষ্টি করার অপপ্রয়াস চালাচ্ছে। সম্প্রতি গুজব ছড়িয়ে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ছেলেধরা সন্দেহে নিরীহ মানুষের উপর আক্রমণ করা হয়েছে এবং কয়েকজনকে নির্মমভাবে পিটিয়ে হত্যা করা হয়েছে। সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষসমূহ গুজব প্রতিরোধের জন্য নানাবিধ কার্যক্রম গ্রহণসহ গুজব রটনাকারীদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছে। শিক্ষার্থীদের আধিক্য এবং বয়সজনিত কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে গুজব রটনা সহজ বিধায় অসাধু মহল অভিভাবক, শিক্ষার্থীসহ সর্বসাধারণকে এ কাজে ব্যবহার করছে। এ অবস্থায়:

- ১.১ গুজব হতে সাবধান থাকার জন্য অভিভাবক ও কোমলমতি শিক্ষার্থীদের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকবৃন্দ সচেতন করবেন;
- ১.২ এ ধরনের কোন ঘটনা আর যাতে কোথাও না ঘটতে পারে সে জন্য সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ১.৩ গুজব রটনাকারীদের চিহ্নিত করে আইন-শৃঙ্খলা বাহিনীর নিকট সোপর্দ করতে হবে;
- ১.৪ জনগুরুত্বপূর্ণ এ বিষয়ে বিশেষ সতর্ক থেকে তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সোহরাব

(মো. সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব

২৫.০৭.২০১৯

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০১০.১৩-২৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
২৫ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা [সকল বিশ্ববিদ্যালয়ে অনুলিপি প্রেরণ করে নিয়মিত মনিটরিং করার অনুরোধসহ]।
৪. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৫. বিভাগীয় কমিশনার ..... (সকল)।
৬. পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
৭. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা [সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনুলিপি প্রদান করে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের-কে বর্ণিত কার্যক্রম মনিটরিং করা সহ প্রতি সপ্তাহে এ সংক্রান্ত প্রতিবেদন সংগ্রহের অনুরোধসহ]।

চলমান পাতা/২

৮. জেলা প্রশাসক ..... (সকল)।
৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড..... (সকল)।
৮. আঞ্চলিক পরিচালক/আঞ্চলিক উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৯. উপজেলা নির্বাহী অফিসার..... (সকল)।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।



(আনোয়ারুল হক)

উপসচিব

ফোন: ৯৫৭৭৪২৫

ই-মেইল: ds\_sec2@moedu.gov.bd